# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল
ই-মেইলঃ xenbwdbtang@gmail.com

Office of the Executive Engineer
Tangail Water Development Division
Bangladesh Water Development Board
E-mail: xenbwdbtang@gmail.com

স্মারক নং-:পাউবো/টাঙ্গাইল/ই-৬/৫৪ তারিখঃ ১৪-০৭-২০২৬ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারীদের নির্ধারিত ফরমে তালিকাভূক্তি ও নবায়নের আবেদন আহ্বান করা যাচ্ছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফি ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ (Senior Assistant Director, Regional Accounting Centre (RAC), BWDB, Mymensingh) এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন/সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভূক্তি/নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তি আবেদনের তফসিলঃ**

| ক্র: নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরণ | নতুন তালিকাভূক্তি আবেদন ফরম বিক্রয় আরম্ভের তারিখ | নতুন তালিকাভূক্তি আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | নতুন তালিকাভূক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ১৬/০৭/২০২৬ খ্রিঃ | ১৬/০৮/২০২৬ খ্রিঃ | ১৮/০৮/২০২৬ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ১৬/০৭/২০২৬ খ্রিঃ | ১৬/০৮/২০২৬ খ্রিঃ | ১৮/০৮/২০২৬ খ্রিঃ |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের তফসিলঃ**

| ক্র: নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের ধরণ | নবায়নের আবেদন ফরম বিক্রয় আরম্ভের তারিখ | নবায়নের আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | নবায়নের আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ১৬/০৭/২০২৬ খ্রিঃ | ১৬/০৮/২০২৬ খ্রিঃ | ১৮/০৮/২০২৬ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ১৬/০৭/২০২৬ খ্রিঃ | ১৬/০৮/২০২৬ খ্রিঃ | ১৮/০৮/২০২৬ খ্রিঃ |

## শর্তাবলী

১। ঠিকাদার তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভূক্তি নবায়ন/নতুন তালিকাভূক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

২। ঠিকাদার নতুন তালিকাভূক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ২০ (বিশ) লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/বিবরণী প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহণযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৩। ঠিকাদার নতুন তালিকাভূক্তি/নবায়ন করার জন্য বৈধ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

৪। আবেদনের সাথে BIN Certificate প্রদান করতে হবে। VAT Certificate গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনের সাথে ২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। জুলাই/২০২৬ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।

৬। আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির জাতীয় পরিচয়পত্র এবং ৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।

৭। বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

৮। নতুন ঠিকাদার তালিকাভূক্তির ক্ষেত্রে তালিকাভূক্তি ফি বাবদ ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ (Senior Assistant Director, Regional Accounting Centre (RAC), BWDB, Mymensingh) এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন/সাধারণ শাখায় প্রদান করতে হবে। **উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮ (৩) (ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী নারী হলে নিবন্ধন ফি বাবদ ৩০০০.০০ (তিন হাজার ) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা এবং নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ ) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ (Senior Assistant Director, Regional Accounting Centre (RAC), BWDB, Mymensingh) এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন/সাধারণ শাখায় প্রদান করতে হবে।**

৯। ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন যাচাই-বাচাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহনের জন্য e-Gp Registration থাকা আবশ্যক।

14/07/26

(মোঃ মাঈন উদ্দিন)
নির্বাহী প্রকৌশলী
টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, টাঙ্গাইল।

স্মারক নং-:পাউবো/টাঙ্গাইল/ই-৬/৫৪/১(১১) তারিখঃ ১৪-০৭-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো'র ওয়াবসাইটে প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ।

৮। উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (সকল), টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।

৯। প্রাক্কলনিক/উচ্চমান সহকারী, টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল। তাকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১০। জনাব.............................................................................................

১১। দপ্তর কপি।

14/07/26

নির্বাহী প্রকৌশলী